



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৭৩১/নতুন/গাজী/৩০৫২

তারিখ: ১৩/০৫/২০২৪

বিষয় : নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি বাতিল প্রসঙ্গে।

- সূত্র : ১। মো: মেহেদী হাসান, প্রধান সম্পাদক, 'সাপ্তাহিক গাজীপুর দর্পন'-এর ০৪/০২/২০২৪ তারিখের অভিযোগ।
 ২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/৭৩০/নতুন/গাজী/২৬২৩; তারিখ: ০৭/০২/২০২৪ খ্রি।
 ৩। বোর্ডের ৩১/০৩/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।
 ৪। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/৭৩১/নতুন/গাজী/৫৪৪; তারিখ: ০৫/১০/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন 'হাজী আহাম্মদ আলী পাবলিক স্কুল'-এর বিরুদ্ধে সূত্রোক্ত- (১) নং ক্রমিকে উল্লিখিত আনীত অভিযোগের বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য সূত্রোক্ত- (২) নং ক্রমিকে উল্লিখিত পত্রমূলে তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত হন। উক্ত পত্রের আদেশ মোতাবেক, তদন্তকারী কর্মকর্তা অভিযোগে আনীত বিষয়সমূহ সরেজমিনে তদন্তপূর্বক সূত্রোক্ত- (৩) নং ক্রমিকে উল্লিখিত তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামত ও সুপারিশ পর্যালোচনান্তে, বিদ্যালয়টি পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্তির পর থেকে অদ্যবধি পর্যন্ত কমিটিবিহীন অবস্থায় পরিচালিত হওয়া, ভাড়া বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা এবং বিদ্যালয় কর্তৃক বোর্ডে দাখিলকৃত জমি সংক্রান্ত তথ্য উপাত্তের সাথে তদন্তকারী কর্মকর্তা তদন্তকালীন সময়ে জমি সংক্রান্ত প্রদত্ত তথ্য যাচাই-বাছাই পূর্বক মিথ্যা ও ভুল প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত-২০২৩) এর ১১.০ ধারা মোতাবেক উক্ত বিদ্যালয়টির বোর্ড কর্তৃক প্রদত্ত সূত্রোক্ত- (৪) নং ক্রমিকে উল্লিখিত নিম্নমাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতিপত্র-টি বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: সভাপতি/প্রধান শিক্ষক

হাজী আহাম্মদ আলী পাবলিক স্কুল (EIIN: 139560)

পো: বোর্ড বাজার, উপজেলা: সদর

গাজীপুর।

মেমো নং- ৩০৫২(১০)

তারিখ : ১৩/০৫/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, গাজীপুর।
- ৮। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। (প্যানেল বন্ধের অনুরোধ-সহ)
- ১০। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩/০৫/২০২৪